দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 1 FEB 2017 ...
পৃষ্ঠা ... 8 ... কলাম ... 6 ......

# জলঢাকায় প্রবেশপত্র সংগ্রহে অর্থ আদায়

## এসএসসি পরীক্ষা

**স্টাফ রিপোর্টার, নীলফামারী ।** আসন্ন এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে প্রবেশপত্র সংগ্রহ করার সময় অর্থ আদায় করা হচ্ছে জলঢাকা উপজেলার টেঙ্গনমারী বহুমুখী উচ্চ বিদ্যালয়ে। অভিযোগ উঠেছে, স্কুল পরিচালনা কমিটির সভাপতি ও প্রধান শিক্ষক এবং অফিস সহকারী পরীক্ষার্থীদের কাছ থেকে এ অর্থ আদায়ের সঙ্গে জড়িত। মঙ্গলবার ওই শিক্ষাপ্রতিষ্ঠানে গেলে অভিযোগে জানানো হয়, আগামীকাল এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে। এ বিদ্যালয় হতে এবার সাধারণ শাখায় ২২৮ এবং কারিগরি শাখায় ১২ জনসহ মোট ২৪০ পরীক্ষার্থী অংশ নিচ্ছে।

পরীক্ষার্থীরা অভিযোগ করে জানায়, সোমবার তারা প্রবেশপত্র নিতে এসে ফিরে যায়। কারণ প্রবেশপত্র সংগ্রহে অর্থ নেয়া হচ্ছে। তারা জানায়, ফর্ম ফিলআপের সময় দিনাজপুর বোর্ডের নির্ধারিত ফি ছাড়াও স্কুল কর্তৃপক্ষ অতিরিক্ত ৫০০ টাকা করে নেয়। এখন এসএসসি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করে এলে তারা আরও অর্থ চাইছে। তাদের অভিযোগ মতে, সাধারণ শাখার পরীক্ষার্থীদের কাছে প্রবেশপত্র বাবদ ২০০ ও কারিগরি (ভোকেশনাল) শাখার পরীক্ষার্থীদের জন্য ৫০০ টাকা করে জোরপূর্বক আদায় করছে স্কুল শাখার অফিস সহকারী আলমগীর হোসেন ও কারিগরি শাখার ইন্সট্রাক্টর আজহারুল ইসলাম। পরীক্ষার্থী রিয়ন, সজীব, হাসানুর, ফিরোজ, খায়রুল ইসলাম বলে, টাকা না দিলে প্রবেশপত্র দিচ্ছে না। তাই বাধ্য হয়ে অর্থের বিনময়ে প্রবেশপত্র সংগ্রহ করতে হচ্ছে। অনেক পরীক্ষার্থী এ ঘটনায় প্রতিবাদ করলে সেখানে হট্টগোল হয়। পরে অন্য শিক্ষকগণ তা নিয়ন্ত্রণে আনেন। এ ব্যাপারে অফিস সহকারী আলমগীর হোসেন বলেন, উপরের নির্দেশে এটি করা হচ্ছে। এ সময় সেখানে কারিগরি শাখার ইন্সট্রাক্টর আজহারুল ইসলামকে পাওয়া যায়নি। এ ব্যাপারে প্রধান শিক্ষক আশিকুর রহমানের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলে তিনিও সাংবাদিকদের সঙ্গে কথা বলেননি। তবে দায় এড়াতে স্কুল পরিচালনা পর্ষদের সভাপতি রউফুল ইসলাম সাংবাদিকদের জানান, টাকা নেয়ার বিষয়টি ম্যানেজিং কমিটির কোন সিদ্ধান্ত হয়নি।